

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৮০৯

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ অমুসলিম ও বিবস্ত্র ব্যক্তির বাইতুল্লাহর তাওয়াফ করার ব্যাপারে নিষেধাজ্ঞা

ذَكَرُ الزَّجْرِ عَنْ طَوَافِ غَيْرِ الْمُسْلِمِ أَوْ الْعُرْيَانِ بِالْبَيْتِ الْعَتِيقِ

আরবী

3809 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا جَرِيرٌ عَنِ الْمُغِيرَةِ عَنِ الشَّعْبِيِّ عَنِ الْمُحَرَّرِ بْنِ أَبِي هُرَيْرَةَ عَنْ أَبِيهِ قَالَ: كُنْتُ مَعَ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ أَنَْادِي بِالْمُشْرِكِينَ فَكَانَ عَلِيٌّ إِذَا صَحَلَ صَوْتُهُ أَوْ اشْتَكَى حَلْقَهُ أَوْ عَيِيَ مِمَّا يُنَادِي نَادَيْتُ مَكَانَهُ قَالَ: فَقُلْتُ لِأَبِي: أَيُّ شَيْءٍ كُنْتُمْ تَقُولُونَ؟ قَالَ: كُنَّا نَقُولُ: (لَا يَحُجُّ بَعْدَ الْعَامِ مُشْرِكٌ) فَمَا حَجَّ بَعْدَ ذَلِكَ الْعَامِ مُشْرِكٌ. (وَلَا يَطُوفُ بِالْبَيْتِ عُرْيَانٌ وَلَا يَدْخُلُ الْجَنَّةَ إِلَّا مُؤْمِنٌ وَمَنْ كَانَ بَيْنَهُ وَبَيْنَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُدَّةٌ فَمَدَّتْهُ إِلَى أَرْبَعَةِ أَشْهُرٍ فَإِذَا قُضِيَ أَرْبَعَةُ أَشْهُرٍ فَإِنَّ اللَّهَ بَرِيءٌ مِنَ الْمُشْرِكِينَ وَرَسُولُهُ) قَالَ: فَكَانَ الْمُشْرِكُونَ يَقُولُونَ: لَا؛ بَلْ شَهْرٌ - يَضْحَكُونَ بِذَلِكَ..

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3809 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (4/301).

বাংলা

৩৮০৯. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আলী রাদিয়াল্লাহু আনহুর সাথে মুশরিকদের ব্যাপারে ঘোষণা করছিলাম। আলী রাদিয়াল্লাহু আনহুর আওয়াজ যখন বসে যেতো, অথবা তার গলায় পীড়া অনুভব করলে অথবা উচ্চ আওয়াজে ঘোষণা দিতে অপারগ হলে, তার স্থলে আমি ঘোষণা করতাম।”

আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহুর ছেলে মুহাররর বলেন, “অতঃপর আমি আমার বাবাকে বললাম, “আপনার কী বলতেন?” জবাবে তিনি বলেন, “আমরা বলতাম, “এই বছরের পর কোন মুশরিক ব্যক্তি হজ করবে না।” অতঃপর সেই বছরের পর কোন মুশরিক হজ করেনি এবং কোন বিবস্ত্র ব্যক্তি বাইতুল্লাহর তাওয়াফ করেনি।

জান্নাতে মুমিন ছাড়া অন্য কেউ জান্নাতে প্রবেশ না। আর যার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে কোন চুক্তি আছে, তার চুক্তির মেয়াদ চার মাস। অতঃপর যখন চার মাস পূর্ণ হয়ে যাবে, তখন আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুশরিকদের থেকে দায়মুক্ত হয়ে যাবেন।”

রাবী বলেন, “তখন মুশরিকরা হেঁসে হেঁসে বলতো, “জ্বী, না। এক মাসই যথেষ্ট।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২২৯; দারেমী: ১/৩৩২-৩৩৩; নাসাঈ: ৫/২৩৪; হাকিম: ২/৩৩১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৩০১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93148>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন